

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

তারিখঃ ১৮/১২/২০১৮ খ্রিঃ

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.৯৫০.১৭-২০১

বিষয়ঃ NTRCA এর ২২/১১/২০১৮ তারিখের EOI প্রসঙ্গে।

সূত্রঃ-দ্যা ব্রিজ এর ০২/১২/২০১৮ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে ক্রয় কাজে বারিত (debar) করার ক্ষেত্রে বারিতকরণের মেয়াদ ও পরিধি একটি গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। ক্রয় কাজের সঙ্গে সংশ্লিষ্ট কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বারিত করার ক্ষেত্রে এর মেয়াদ এবং পরিধি বিষয়ে পিপিআর, ২০০৮ এর বিধি-১২৭(৪)(গ) এর সংস্থান নিম্নরূপঃ

“(গ) উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ভবিষ্যতে তাহার এবং অন্য সকল ক্রয়কারীর ক্রয় কার্যক্রমে, উক্ত ক্রয় সরকারি তহবিল দ্বারা করা হইয়া থাকিলে, কোন নির্দিষ্ট মেয়াদ বা অনির্দিষ্ট মেয়াদের জন্য, অংশগ্রহণের অযোগ্য বলিয়া ঘোষণা করিতে পারিবেঃ


তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি, ঠিকাদার, সরবরাহকারী বা পরামর্শক কর্তৃক চুক্তির কোন মৌলিক শর্ত ভঙ্গ করিবার কারণে ক্রয়কারী চুক্তি বাতিল করিলে, ক্রয়কারী নিজস্ব বিবেচনায় সংশ্লিষ্ট ব্যক্তিকে ১ (এক) বৎসর অথবা অনধিক ২ (দুই) বৎসরের জন্য ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) এর অনুমোদনক্রমে উক্ত ক্রয়কারীর এবং অন্য সকল ক্রয়কারীর ক্রয় কার্যক্রমে অংশগ্রহণে অযোগ্য ঘোষণা করিতে পারিবে;”

০২। পিপিআর, ২০০৮ এর উপর্যুক্ত বিধির [বিধি-১২৭(৪)(গ)] আলোকে প্রতীয়মান হয় যে, ক্রয় কাজে কোন ব্যক্তিকে (দরদাতা/পরামর্শক) বারিত করার ক্ষেত্রে মেয়াদ (নির্দিষ্ট/অনির্দিষ্ট সময়) এবং পরিধি (নিজ সংস্থা/সকল ক্রয়কারী) নির্দিষ্ট থাকে। কোন সুনির্দিষ্ট মেয়াদের জন্য কোন ব্যক্তি বারিত হলে উক্ত মেয়াদ উত্তীর্ণের পরে সরকারি ক্রয়ে অংশগ্রহণের ক্ষেত্রে সে ব্যক্তির বারিতকরণের কার্যকারিতা থাকে না।

০৩। উপর্যুক্ত ব্যাখ্যার আলোকে প্রতীয়মান হয় যে, বিবেচ্য পত্রের সঙ্গে সংযুক্ত NTRCA এর REOI এর 13(f)-এ উল্লিখিত শর্ত “Firms who have been previously blacklisted by any project/organization of the GOB need not to submit EOI” পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-১২৭(৪)(গ) সংস্থানের ব্যত্যয়।

০৪। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

প্রধান নির্বাহী কর্মকর্তা
দ্যা ব্রিজ
সেল রোজ এন ডেল ভবন
১১৬ কাজী নজরুল ইসলাম এভিনিউ
লেভেল-১০, স্যুট-১০০১, বাংলামটর, ঢাকা-১২০৫।


(মোসাম মোসুমী হাবিব)
উপ-পরিচালক

ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩
mail: cptudd3@cptu.gov.bd

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ

১. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৪ ও ৫), ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
[(দৃঃ আঃ-উপপরিচালক (প্রশাসন ও অর্থ), এনটিআরসিএ)]
পত্র প্রদত্ত সিপিটিইউ'র মতামতের আলোকে EOI তে ক্রমিক নং-13(f) এর প্রয়োজনীয় সংশোধনের জন্য অনুরোধ করা হ'ল।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. অফিস কপি।